Bengali

নিউ ইয়র্ক শহরের পেইড সিক লিভ আইন

নিয়োগকর্তার প্রশ্নের উত্তর

NYC-তে
কাজ করার ক্ষেত্রে
পেইড
সিক লিভের সুবিধা
নিতে ভুলবেন না

NYC Consumer Affairs

উপভোক্তা বিষয়ের দপ্তর (THE DEPARTMENT OF CONSUMER AFFAIRS (DCA)) NYC'র পেড সিক লিভ আইন লাগু করে।

আইন অনুসারে:

- আপনার কোম্পানিটি লাভজনক বা অলাভজনক হলে ও সেখানে পাঁচ বা তার বেশি কর্মী কাজ করলে, আপনাকে অবশ্যই পেড সিক লিভ দিতে হবে। আপনার চার বা তার থেকে কম সংখ্যক কর্মী থাকলেও আপনাকে অবশ্যই সিক লিভ দিতে হবে তবে, আপনাকে সিক লিভের জন্য পে করতে হবে না।
- আপনাকে আপনার প্রত্যেক কর্মীকে কর্মীর অধিকারের বিজ্ঞপ্তি (Notice of Employee Rights) ইংরাজিতে এবং DCA ওয়েবসাইটে উপলব্ধ থাকলে, কর্মীর প্রধান ভাষায় দিতে হবে।

আইনটি এপ্রিল 1, 2014 থেকে লাগু হওয়ার পর থেকে, DCA জানতে চাওয়া প্রশ্নের উত্তর দিতে এবং অভিযোগের মধ্যস্ততা করতে ব্যবসার সঙ্গে কাজ করেছে। আপনি যাতে আইনটি বিষয়ে আরো ভালো ভাবে বুঝতে পারেন তার জন্য এই নির্দেশিকায় নিয়োগকর্তাদের প্রায়শই জানতে চাওয়া প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে।

প্রশ্ন আমার কর্মীদের কারা পেড সিক লিভ আইনের আওতায় রয়েছেন?

উত্তর নিউ ইয়র্ক শহরে কাজ করা অধিকাংশ কর্মীই পেড সিক লিভ আইনের আওতায় আসেন। *আপনার ব্যবসা নিউ ইয়র্ক শহরের বাইরে অবস্থিত হলেও, নিউ ইয়র্ক শহরে ক্যালেন্ডার বছরে 80 ঘন্টা কাজ করা কর্মীদের আপনাকে অবশ্যই সিক লিভ দিতে হবে।* পুরো সময়ের, আংশিক সময়ের, অস্থায়ী, পার ডিয়াম, ট্রানজিশনাল চাকরি প্রোগ্রাম এবং অনথিভুক্ত কর্মী - সবাই এই আইনের আওতায় আসেন। ইউ ইয়র্ক শহরের বাইরে বসবাস করেন কিন্তু নিউ ইয়র্ক শহরে কাজ করেন এমন কর্মীরাও এই আইনের আওতায় আসেন। যিনি নিউ ইয়র্ক শহরে জিনিস পৌঁছে দেওয়া বা সংগ্রহ করার কাজ করেন তিনি নিউ ইয়র্ক শহরে কাজ করছেন বলে ধরে নেওয়া হয়।

কর্মীরা কোনো মিলিত বারগেইন চুক্তির আওতায় রয়েছেন কিনা তা আপনার ঠিক করে জানা না থাকলে, ইউনিয়নের সঙ্গে যোগাযোগ করে তা জেনে নিন। **nyc.gov/PaidSickLeave** -এ গিয়ে প্রায়শই জিজ্ঞাসিত আরো প্রশ্নাবলী দেখে নিন। এখানে মিলিত বারগেইনিং চুক্তির বিষয় উল্লেখ করা আছে।

পরামর্শ কর্মী সিক লিভ ব্যবহার করার পরে পরবর্তী নিয়মিত পেরোল সময়কালের মধ্যেই সিক লিভ মেটাতে হবে, তবে আপনি প্রয়োজনীয় কাগজপত্র চেয়ে থাকলেও তা না পেলে অন্য কথা।

প্রশ্ন প্রতি বছর আমাকে আমার কর্মীদের কত সিক লিভ দিতে হবে?

উত্তর আপনাকে কর্মীদের প্রতি বছর অবশ্যই 40 ঘন্টার সিক লিভ দিতে হবে। কর্মীরা প্রতি 30 ঘন্টা কাজ করলে অন্ততপক্ষে এক ঘন্টার সিক লিভ পেতে বা জমাতে পারবেন এবং এইভাবে বছরে 40 ঘন্টার সিক লিভ পেতে পারবেন। সম্পূর্ণ সময় ও আংশিক সময় - সব ধরনের কর্মীদের ক্ষেত্রেই সিক লিভ জমানোর ও পাওয়ার পরিমাণ একই হবে। কোনো বছরে 40 ঘন্টার ব্যবহার করা না হলে তা পরের বছরে ব্যবহার করা যাবে। ফ্রন্ট লোডিং সিক লিভ ব্যবস্থা আপনাকে আপনার কর্মীদের জমা সিক লিভের হিসাব রাখার ঝামেলা থেকে মুক্তি দেবে। আপনি এই পথটি বেছে নিলে, প্রত্যেক ক্যালেন্ডার বছরের শুরুতে প্রত্যেক কর্মীর কাছে যে অন্ততপক্ষে 40 ঘন্টার সিক লিভ উপলব্ধ রয়েছে তা নিশ্চিত করুন।

পরামর্শ আপনি ঘরোয়া কাজের জন্য কাউকে নিয়োগ করে থাকলে এবং তিনি এক বছরের বেশি সময় ধরে কাজ করে থাকলে, আপনাকে তাকে অবশ্যই পেড সিক লিভ দিতে হবে। ঘরোয়া কাজের কর্মীরা প্রতি বছর দুই দিন পেড সিক লিভ পান। নিউইয়র্ক স্টেট লেবর ল্য অনুযায়ী তাদের পাওনা তিন দিনের পেড রেস্ট থেকে এই ছুটি তাদের আলাদা ভাবে প্রাপ্য।

প্রশ্ন আমার কর্মী অসুস্থ থাকায় কম সময় কাজ করেছে কিন্তু ডাক্তারের চিঠি দেয়নি। আমি কি ডাক্তারের চিঠি চাইব?

উত্তর আপনার কর্মী একটানা তিন দিনের বেশি কাজের দিন সিক লিভ হিসাবে ব্যবহার করে না থাকলে আপনি তাকে লাইসেন্স প্রাপ্ত হেলথ কেয়ার প্রোভাইডারের চিঠি চাইতে পারেন না। আইন অনুসারে আপনার যদি কোনো হেলথ কেয়ার প্রোভাইডারের চিঠির প্রয়োজন হয়, তবে সেখানে কর্মীর অসুস্থতার সবকিছু উল্লেখ রাখতে হবে এমন কোনো কথা নেই। কর্মী কাজে ফেরার পরে কাগজপত্র দেখানোর জন্য অন্ততপক্ষে সাত দিন সময় পাবেন।

আইনি কর্মীকে নিজের সই করে লিখিত ভাবে জানাতে বলতে পারেন যে, তিনি আইনি চোখে অনুমোদিত কারণেই অনুপস্থিত ছিলেন। আপনি **nyc.gov/PaidSickLeave** থেকে একটি মডেল ফর্ম যোগাড় করে নিতে পারবেন।

প্রশ্ন ## কোনো কর্মী একটি সিক ডে নিতে চাইলে আমি কতটা বিজ্ঞপ্তি চাইতে পারি? আমি কি কখনও কোনো অনুরোধ ফিরিয়ে দিতে পারি?

উত্তর কর্মীরা যদি আগে থেকেই জানা থাকে যে তাকে সিক লিভ নিতে হবে তাহলে আপনি তাকে সাত দিনে আগাম বিজ্ঞপ্তি দিতে বলতে পারেন তবে আপনার কোম্পানির লিখিত নীতিতে তেমনটাই উল্লেখ থাকতে হবে এবং আপনার কর্মীকে তা জানিয়ে রাখতে হবে। যদি সিক লিভ নেওয়ার প্রয়োজন আগাম না জানা যায়, আপনি কর্মীর থেকে যুক্তিগ্রাহ্য ভাবে যত তাড়াতাড়ি সম্ভব বিজ্ঞপ্তি চাইতে পারেন। তবে, এইক্ষেত্রেও আপনার কোম্পানির লিখিত সিক লিভ নীতিতে তার উল্লেখ থাকতে হবে। আপনার জানানো লিখিত বিজ্ঞপ্তি নীতির সঙ্গে কোনো কর্মী সম্মত না হলে, আপনি সিক লিভের ব্যবহার ফিরিয়ে দিতে পারেন তবে এই ধরনের পরিস্থিতিতে আপনি যতদিনের বিজ্ঞপ্তি চেয়েছেন তা যুক্তিগ্রাহ্য ছিল।

nyc.gov/PaidSickLeave -এ গিয়ে আপনি সিক লিভের নীতির বিষয়ে জেনে নিতে পারবেন এবং মডেল ফর্মও পেয়ে যেতে পারবেন।

পরামর্শ

আপনি কোনো কর্মীকে ব্যক্তিগত স্বাস্থ্য বিষয়ক তথ্য প্রকাশ করতে বলতে পারবেন না। শুধুমাত্র এই আইনের কারণেই কর্মীর বা কর্মীর পরিবারের কোনো সদস্যের যোগাড় করা স্বাস্থ্য বিষয়ক তথ্য আপনাকে অবশ্যই গোপন রাখতে হবে, তবে কর্মী প্রকাশ করা অনুমতি দিলে বা আইনের চোখে প্রকাশ করার প্রয়োজন দেখা দিলে অন্য কথা।

পরামর্শ

DCA সহজেই ব্যবহার করা যায় এমন একটি টুল বানিয়েছে। এই টুলের সাহায্যে আপনি আপনার কর্মীরা কত ঘন্টা কাজ করেছেন এবং কত সিক লিভ ব্যবহার করেছেন তার হিসাব রাখতে পারবেন এবং তাদের কত ছুটি জমা হয়েছে ও পরের বছরের কত ছুটি বেশি যোগ হবে তা আপনাআপনি বের করে নিতে পারবেন। আমাদের ওয়েবসাইট থেকে সিক লিভ টাইমকিপিং টুলটি ডাউনলোড করে নিন।

প্রশ্ন আমি ইতিমধ্যেই ভেকেশন ডে দিয়ে থাকি। তা কি ধরা হবে না?

উত্তর পেড সিক লিভ আইনের সঙ্গে সম্মত হতে, আপনি আপনার কর্মীদের ভেকেশন বা ব্যক্তিগত ছুটি দিলে, আপনাকে আর সিক লিভের জন্য আলাদা করে সময় দিতে হবে না, তবে মনে রাখবেন - আপনার নীতিকে আইনের ন্যূনতম প্রয়োজনীয়তা পূরণ করতে হবে এবং সিক লিভের ব্যবহারের উপরে কোনো ধরনের অতিরিক্ত প্রতিবন্ধকতা তৈরি করা চলবে না। এর অর্থ হল - আপনার কর্মীরা তাদের বিদ্যমান ছুটি একই হারে জমাতে পারবেন এবং আইন অনুসারে পরিবারের সকলের যত্ন নিতে ও চিকিৎসা করানোর সময় সমেত অনুমোদিত সব একই ধরনের কারণে ব্যবহার করতে পারবেন।

পেড সিক লিভ আইন কার্যকর হওয়ার তারিখের আগে বিদ্যমান থাকা লিভ নীতি অনুসারে কোনো কর্মী ইতিমধ্যেই ছুটি জমিয়ে থাকলে, সুবিধা ও পারিশ্রমিক পরিপূরক হিসাবে নিউ ইয়র্ক রাজ্য শ্রমিক আইন অনুসারে ওই জমানো ছুটি এখনও প্রয়োজনীয়তার আওতাভুক্ত § 198-c হতে পারে। নিউ ইয়র্ক রাজ্য শ্রমিক আইন অনুসারে ছুটি বিষয়ে প্রযোজ্য আইনের বিষয়ে আরো পরামর্শ পেতে, নিউ ইয়র্ক রাজ্য শ্রমিক দপ্তর, শ্রমিক গুণমান বিভাগে যোগাযোগ করুন।

প্রশ্ন কোন কর্মী যদি সিক লিভের অপব্যবহার করে তাহলে কি আমি তাকে শাস্তি দিতে পারি?

উত্তর হ্যাঁ, তবে যদি কর্মীটি এমন কোনো কাজে সিক লিভ ব্যবহার করে থাকেন যা আইনি ভাবে অনুমোদিত নয়।

পরামর্শ

আপনার লিভ নীতি পেড সিক লিভ আইনের প্রয়োজনীয়তা পূরণ করলেও, আপনাকে কর্মীদের কর্মীর অধিকারের বিজ্ঞপ্তি দিতে হবে। মেল বা ইমেল মারফত নতুন কাজে যোগ দেওয়ার ক্ষেত্রে জানানো বিষয়গুলি সমেত ব্যক্তিগত ভাবে প্রতিটি কর্মীকে আপনি বিজ্ঞপ্তিটি দিতে পারেন। আপনি যে কর্মীদের প্রয়োজনীয় বিজ্ঞপ্তি দিয়েছেন তার প্রমাণ রেখে দেওয়ার জন্য বিজ্ঞপ্তির প্রতিলিপিতে সই করিয়ে নেওয়া বা ইমেল রিসিপ্ট রেখে দেওয়া বুদ্ধিমানের কাজ হবে।

প্রশ্ন সিক লিভ যে অপব্যবহার করা হয়েছে তা সম্ভবত কোন বিষয়গুলি থেকে জানা যেতে পারে?

উত্তর আইনে যে কারণে সিক লিভ ব্যবহার করার কথা লেখা আছে তা বাইরে অন্য কোনো কারণে সিক লিভ ব্যবহার করা হয়ে থাকতে পারে তা এই বিষয়গুলি থেকে বোঝা যেতে পারে, তবে এর বাইরেও অন্যান্য বিষয় থাকতে পারে:

- সপ্তাহান্তে বা সপ্তাহান্তের আগেপিছে আগাম না জানিয়ে বারবার সিক লিভ ব্যবহার করা, আগাম জানিয়ে নিয়মিত ভাবে ছুটি নেওয়া, হলিডে, ভেকেশন বা পে ডে নেওয়া
- অন্য ধরনের লিভ নেওয়ার অনুরোধ ফিরিয়ে দেওয়ার পরে সেই দিনের লিভ নেওয়া
- এমন কোনো দিনে ছুটি নেওয়া যেদিন হয়তো তাকে শিফ্টে কাজ করতে হত বা অনভিপ্রেত কোনো কাজ করতে হত

কর্মীর এমন কোনো কাজে জড়িত থাকা যা সাধারণত অসুস্থ বলে জানানো কর্মীদের করতে দেখা যাওয়ার কথা নয় বা যেখানে কর্মী কোনো প্রিভেনটিভ মেডিকেল অ্যাপয়েন্টমেন্টের জন্য সিক লিভ নিচ্ছেন সেখানেও সিক লিভের অপব্যবহার করার সম্ভাবনা রয়েছে।

প্রতিশোধ নেওয়া ও হস্তক্ষেপ করা আইনের চোখে অনুমোদিত নয়।

পেড সিক লিভ আইন অনুসারে পাওয়া অধিকার ফলানো কর্মীদের বিরুদ্ধে প্রতিশোধ নেওয়া বা তদন্তে হস্তক্ষেপ করা বেআইনি কাজ। যদি DCA এমন সিদ্ধান্তে পৌঁছায় যে, আপনি কোনো কর্মীর বিরুদ্ধে প্রতিশোধ নিয়েছেন, তাহলে আপনি একদিকে যেমন কর্মীর না পাওয়া পারিশ্রমিক ও সুবিধার জন্য দায়ী থাকবেন ও DCA কে জরিমানা দেবেন অন্যদিকে তেমনি কিছু বিশেষ ধরনের ব্যবস্থা নিতে হতে পারে, যেমন ধরুন - বেআইনি ভাবে কাজ থেকে বহিষ্কার করে দেওয়া কর্মীকে আবার কাজে নেওয়া।

কোন প্রশ্ন?

আপনি নিম্নলিখিত উপায়ে DCA-র সাথে যোগাযোগ করতে পারবেন:

- **nyc.gov/PaidSickLeave** -এ যান। আপনি প্রয়োজনীয় কর্মীর অধিকারের বিজ্ঞপ্তি এবং নিয়োগকর্তাদের জন্য 26টি ভাষায় একটি তথ্যপত্র পেতে, পেড সিক লিভ আইন এবং নিয়ম জানতে পারবে এবং নিয়োগকর্তার ইভেন্টের বিষয়ে জানতে পারবেন।
- আমাদের সঙ্গে এই ঠিকানায় দেখা করুন- 42 Broadway, 11th Floor, Manhattan।
- নিয়োগকর্তাদের পেড সিক লিভ বিষয়ে **জানতে 311 নম্বরে** কল করুন ও DCA -এ কল ট্রান্সফার করার জন্য বলুন।
- এখানে ইমেল লিখে পাঠান **paidsickleave@dca.nyc.gov** আপনার সুবিধার কথা মাথায় রেখে, **nyc.gov/BusinessToolbox** -এ আমরা কম্পিউটারের মাধ্যমে আপনার সঙ্গে "লাইভ চ্যাট"ও করতে পারব।

Bill de Blasio
Mayor

Consumer Affairs

Lorelei Salas
Commissioner

@NYCDCA #PAIDSICKLEAVE

Printed on 30% post consumer recycled paper

07/2016